দৈনিক ইনকিলাব

তারিখ [illegible] OCT 1987
পৃষ্ঠা 3 কলাম 3

5

# ইউনেস্কো থেকে এম' বো'র বিদায় ঃ মেয়র নয়া মহাপরিচালক

সমস্ত রাত তুমুল বাক-বিতণ্ডার পর সম্প্রতি স্পেনের জৈব রসায়ন বিজ্ঞানী ফেডরিকো মেয়র জারাগোজা জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সাংস্কৃতিক সংস্থার (ইউনেস্কো) মহাপরিচালক হিসেবে মনোনীত হয়েছেন। এর ফলে আমাদু মাহতার এম' বো-এর ১৩ বছরের মেয়াদের সমাপ্তি ঘটেছে। বিদায়ী মহাপরিচালক সেনেগালের অধিবাসী ৬৬ বছর বয়স্ক এম' বো বলেন, পশ্চিমা রাষ্ট্রগুলোর প্রতারণার কারণে তৃতীয়বার মহাপরিচালক পদে প্রতিদ্বন্দ্বিতা থেকে তিনি বিরত হয়েছেন।

মার্কিন যুক্তরাষ্ট্র ১৯৮৪ সালে ইউনেস্কো থেকে তার সদস্যপদ প্রত্যাহার করেছিল এই প্রতিবাদ জানিয়ে যে, মিঃ এম' বো'র অব্যবস্থাপনা ও সংস্থার পশ্চিমা বিরোধী প্রবণতা রয়েছে। গত রোববার যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে বলা হয়, পুনরায় ইউনেস্কোতে যোগদানে তার কোনো পরিকল্পনা নেই।

মার্কিন পররাষ্ট্র দফতরের মুখপাত্র মিঃ চার্লস রেডম্যান বলেন— "আমাদের পক্ষে পুনরায় যোগদানের বিষয় পুনর্বিবেচনা করার কোনো কারণ নেই।" বৃটেন ১৯৮৫ সালের শেষ দিকে ইউনেস্কোর সিঙ্গাপুর বৈঠকে তার সদস্যপদ প্রত্যাহার করে। তখন সরকারীভাবে কোনো মন্তব্য থেকে বিরত থাকে। কিন্তু গত রোববার এই মর্মে ইঙ্গিত দিয়েছে যে, ইউনেস্কোর মৌলিক পরিবর্তন না ঘটলে বৃটেন তাতে যোগদানের বিষয় বিবেচনা করবে না। কিন্তু মিঃ মেয়রের মনোনয়নের দরুন বিভিন্ন পশ্চিমা রাষ্ট্রের প্রার্থীরা প্রার্থীপদ প্রত্যাহার করেন। যার ফলে মিঃ এম' বো পুনঃনির্বাচনের সুযোগ থেকে সরে পড়তে বাধ্য হন।

৫০ সদস্য বিশিষ্ট ইউনেস্কোর নির্বাচনে মিঃ মেয়র (৫৩) ৩০ ভোট লাভ করেন। ৫০ সদস্যের কার্যনির্বাহী বোর্ডে সোভিয়েত পন্থী ৪ সদস্যের মধ্যে মাত্র ১টি সদস্য মিঃ এম' বো'র গোঁড়া সমর্থক ছিল।

দু'সপ্তাহ আগে তিনি নির্বাচনে অবতীর্ণ হওয়ার সময় তাঁর আফ্রিকান, আরব ও অপরাপর তৃতীয় বিশ্বের সমর্থকরা মিঃ মেয়রের বিরুদ্ধে ভোট দেন। সংস্থার নির্বাহী বোর্ডের জনৈক ইউরোপীয় সদস্য বলেছেন, "তারা পশ্চিমা সদস্যদের হুমকির দরুন মিঃ এম' বো'র প্রার্থীপদ থেকে সরে পড়ার ফলে অত্যন্ত মর্মাহত। নির্বাহী বোর্ডের মনোনয়ন এখন ইউনেস্কোর সাধারণ সম্মেলন দ্বারা অনুমোদিত হতে হবে। আগামী ৭ নভেম্বর এই সম্মেলন হতে যাচ্ছে। কূটনৈতিক মহল বলেছেন, এমন একটা সম্ভাবনা রয়েছে যে, মিঃ মেয়র সংস্থার মধ্যে উত্তর-দক্ষিণ সুসম্পর্ক স্থাপনে অধিকতর ভালো প্রার্থী দাঁড়ালে সরে পড়তে পারেন।

নির্বাহী বোর্ড এক লিপিতে বলেন যে, মিঃ এম' বো সংস্থার আফ্রিকান ঐক্যের জন্যে আনুষ্ঠানিকভাবে সমর্থিত হয়েছেন। তিনি প্রার্থী হতে ইচ্ছুক ছিলেন না। তিনি বলেন, সংস্থার "সদস্য-রাষ্ট্রগুলো তার বিরোধিতা করতে গিয়ে "প্রতারণার আশ্রয় নিতে এবং ভ্রান্ত তথ্য এমন কি চাপ প্রয়োগ ও হুমকিসহ যাবতীয় পন্থা অবলম্বনে দ্বিধা করেনি।"

মিঃ এম' বো আরো বলেন, তিনি যদি মনোনীত হন, তবে সদস্য রাষ্ট্রগুলো আর্থিক চাঁদা না দেয়া কিংবা সদস্যপদ প্রত্যাহার করতে হুমকি প্রদর্শনের মাধ্যমে "নির্বাচন অনুষ্ঠানে গণতান্ত্রিক পদ্ধতি বিকৃত ও দুর্নীতিগ্রস্ত করেছে।"

মিঃ এম' বো প্রথম চার দফা ভোটানুষ্ঠানে প্রয়োজনীয় সংখ্যাধিক্য ২৬ ভোট লাভে সমর্থ হননি। পঞ্চম দফা ভোটে অগ্রগামী দু'জন প্রার্থীর মধ্যে প্রয়োজনীয় সংখ্যাধিক্য ভোট বিভক্ত হয়ে যায়।

মিঃ মেয়রের চরম সঙ্কট মুহূর্তে বিজয় লাভের কারণ হলো, সোভিয়েত ইউনিয়নের সিদ্ধান্ত। প্রথম চার দফা মস্কো বুলগেরিয়ান ঐতিহাসিক নিকোলোই টোডোরভের পক্ষে ভোট দিয়েছিল।

রাশিয়ানরা ইউনেস্কো রক্ষার একটি প্রচেষ্টা হিসেবে এম' বো-কে বাদ দিয়েছে। যুক্তরাষ্ট্র ও বৃটেন ইউনেস্কো থেকে সদস্যপদ প্রত্যাহার করার ফলে সংস্থার এক তৃতীয়াংশ বাজেট হ্রাস পেয়েছে, যার বার্ষিক পরিমাণ দাঁড়ায় সাড়ে ১৪ কোটি ডলার। পক্ষান্তরে অন্যান্য দেশ সরে পড়লে সংস্থার আর্থিক ক্ষতি ও বিশ্বজনীনতা ব্যাহত হবে।

জাতিসংঘ সম্পর্কে মস্কোর নয়া নীতি গ্রহণের একই সময়ে ইউনেস্কোর নির্বাচনে সোভিয়েত সিদ্ধান্ত নেয়া হলো।